

➤ আমদানি শুল্ক, সম্পূরক শুল্কহার ও রেগুলেটরি ডিউটি হারের পুনর্বিদ্যাস:

- (ক) চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে ৮ (আট) স্তর বিশিষ্ট আমদানি শুল্কহার যথা: ০%, ১%, ৩%, ৫%, ৬%, ১০%, ১৫% ও ২৫% নির্ধারণ করা হয়েছে, যা আগামী ২০২৬-২০২৭ অর্থবছরেও অব্যাহত থাকবে।
- (খ) চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে ১৩ (তের) স্তর বিশিষ্ট সম্পূরক শুল্কহার (১০%, ২০%, ৩০%, ৪০%, ৪৫%, ৬০%, ১০০%, ১৫০%, ২০০%, ২৫০%, ৩০০%, ৩৫০% এবং ৫০০%) কার্যকর রয়েছে, যা আগামী ২০২৬-২০২৭ অর্থবছরেও অব্যাহত থাকবে (অর্থ আইনের সম্পূরক শুল্ক সংক্রান্ত তফসিল দ্রষ্টব্য)।
- (গ) বাংলাদেশ কাস্টমস ট্যারিফ এ যে সকল পণ্যে ৩% রেগুলেটরি শুল্ক আরোপিত রয়েছে সে সকল পণ্যের ক্ষেত্রে ৫% রেগুলেটরি শুল্ক আরোপ করা হয়েছে এবং যে সকল পণ্যের ক্ষেত্রে বর্তমানে ৩০% ও ৩৫% রেগুলেটরি শুল্ক আরোপিত রয়েছে সে সকল পণ্যের ক্ষেত্রে তা হ্রাস করে ২৫% নির্ধারণ করা হয়েছে।